



জোসেফ কনকান্নোন (JOSEPH CONCANNON)
রিপাবলিকান, কনজারভেটিভ, রিফর্ম

ভোটার গাইডের ভিডিও

সাধারণ নির্বাচন • www.nyccfb.info/voterguide

আমার নাম জোসেফ কনকান্নোন, আমি একজন সাবেক U.S. সেনা, NYPD-র অবসরপ্রাপ্ত ক্যাপ্টেন এবং সাবেক সিভিক প্রেসিডেন্ট। আমার ৩০ বছরের সহধর্মী তেরেসা একজন স্কুল শিক্ষক এবং আমার জীবনের ভালবাসা। আমরা দু'জন তিনটি প্রাপ্ত বয়স্ক সন্তানের অভিভাবক এবং বর্তমানে চমৎকার দুইটি নাতিনাতির গর্ভিত নানা-নানি।

NYPD -তে কর্মরত থাকাকালীন আমি আমার সহধর্মী, গ্রাহক এবং নাগরিকদের আস্থা অর্জনে আমার জীবনকাল অতিবাহিত করেছি। এখন আমি আপনাদের বিশ্বাস ও আস্থা অর্জন করতে চাই। আমাদের সুন্দর কমিউনিটির জনগণের প্রতিনির্দিষ্ট করার জন্য আমি আপনাদের ভোট চাই।

বহু বছর ধরে আমি আমার কমিউনিটিতে জড়িত। আমি স্থানীয় সিভিক প্রেসিডেন্ট ছিলাম, মেয়র রুডি জুলিয়ানির সময় NYPD -র সাথে জন নিরাপত্তার উপ পরিচালক হিসাবে জনসেবা করেছি। আমি FBI-র ন্যাশনাল ইনফ্রাগার্ড প্রোগ্রাম থেকে ন্যাশনাল লিডারশীপ এওয়ার্ড অর্জন করেছি।

দুঃখজনক ভাবে নিউ ইয়র্ক আমরা অপরাধ, বিশৃঙ্খলা ও ভয়ের দিনগুলোতে ফিরে যাচ্ছি। পুরো সিটিব্যাপী অপরাধ বৃদ্ধি পেয়েছে এবং পুলিশ অফিসাররা ব্যবস্থা নিতে ভয় পাচ্ছেন, এমনকি আমাদের স্থানীয় এলাকায়, মনে হচ্ছে অপরাধীরা ক্ষমতাবান আর মেয়র ডি ব্লাজিও কোন সাহায্য করছেন না।

আমাদের সন্তানদের উন্নতির জন্য শিক্ষা অপরিহার্য। তাদের প্রয়োজন শ্রেণীকক্ষে প্রযুক্তি, ক্লাসের আকৃতি সীমিত, ঠাঁসঠাঁসি কমালো এবং শিক্ষকরা শিক্ষার্থীদের প্রয়োজন মতে শিক্ষা দান করতে পারেন, কেবল মাত্র আমলাতান্ত্রিক পরীক্ষার জন্য নয়।

সিটির অর্থনীতি জন নিরাপত্তা এবং স্থিতিশীল পরিবেশের সাথে জড়িত যাতে ব্যবসায়ীরা এখানে তাঁদের ব্যবসা গড়ে তুলতে পারেন। আমাদের প্রয়োজন একটি বলিষ্ঠ নেতৃত্ব যে কিনা কর্মসংস্থান বাড়াতে পারে, কমাতে না। আমাদের প্রয়োজন একটি বলিষ্ঠ নেতৃত্ব যে কিনা কর্মক্ষেত্রে নিরাপত্তা এবং জালিয়াতি রোধ সংক্রান্ত বিধিবিধান ছাড়া অতিরিক্ত নিয়মকানূনের ভার কমাবেন।

মেয়র ডি ব্লাজিও এবং নিউ ইয়র্ক সিটি কাউন্সিল আমাদেরকে তুল দিকে নিয়ে যাচ্ছেন।

আমাদের সংশোধন প্রয়োজন! আমরা সিটি হলের ভিতরে আমাদের কথা শুনাতে হবে, আর আমি শপথ করছি যে, ইস্টার্ন কুইন্সের জনগণের কথা আমি প্রতিফলিত করব, কিছু পার্টীর কর্ণধার বা একটি ম্যানহাটন স্যুট নয়। আমি একমাত্র প্রার্থী যে কিনা আমাদের সুন্দর কমিউনিটিতে আমাদের বয়স্কদের চাহিদা মত প্রোগ্রাম রাখা নিশ্চিত করবে। আমি আমাদের শিশু, সাবেক সৈনিক এবং নবাগত অভিবাসীদের ও যাদের সবচেয়ে বেশী সাহায্যের প্রয়োজন তাঁদের পক্ষে অবস্থান নিব। এবং বরাবরের মত আপনারা জানেন যে, আমার নাম জো কনকান্নোন এবং আমি স্থানীয় পুলিশকে সমর্থন করি।

পুনঃ প্রকাশিত - যেমনটি প্রার্থী সরবরাহ করেছেন। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম-এ অংশগ্রহণকারী।